দৈনিক বাংলা

তারিখ ... 2/10/78 ... ...
পৃষ্ঠা ... ... 4 ... কলাম ... 6 ... ...

091

# এমএ শেষ পর্বের পরীক্ষা পিছিয়ে যাচ্ছে

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের এমএ শেষ পর্বের পরীক্ষা পিছিয়ে যাচ্ছে। গত কাল শনিবার কয়েকশ পরীক্ষার্থী পরীক্ষা পিছানোর দাবীতে উপাচার্যের অফিস ঘেরাও করলে উপাচার্য পরীক্ষা পিছানোর কথা ঘোষণা করেন। উক্ত পরীক্ষা আগামী ২০শে নবেম্বর শুরু হবার কথা ছিল।

বিশ্বস্ত সূত্রে জানা গেছে, পরীক্ষা ১৫ দিন পিছিয়ে যাচ্ছে। সূত্র এর বেশী কোন তথ্য জানাতে রাজী হয়নি।

**র‍্যাগ-৭৮**

শেষ পর্বের পরীক্ষার্থীরা র‍্যাগ-৭৮ পালনের ব্যাপক প্রস্তুতি নিয়েছেন। ২রা অক্টোবর টিএসসিতে উপাচার্য প্রফেসর ফজলুল হালিম চৌধুরী শেষ পর্বের ছাত্র-ছাত্রীদের আনুষ্ঠানিকভাবে বিদায় জানাবেন। ৩রা অক্টোবর পুরো বিশ্ববিদ্যালয়ে র‍্যাগ মহোৎসব পালন করা হবে। উপাচার্য ডঃ আবদুল বারী। -